

## চেকলিস্ট

### সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০

৮। নিবন্ধন সনদ নথায়ন।- (১) কোন নিবন্ধন সনদ নথায়নের উদ্দেশ্যে উহার মেয়াদ পূর্তির অন্ত্যন্ত ত্রিশ দিন পূর্বে সনদের মূল কপিসহ ফরম ঘা-তে দরখাস্ত করিতে হইবে এবং দরখাস্তের সহিত-

(ক) স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে, দশ হাজার টাকার ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে;

(খ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, পাঁচশত টাকার ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত দাখিল করিতে ব্যর্থ হইলে প্রতিদিনের বিলাদের জন্য স্টক ডিলার ও স্টক ব্রোকারের ক্ষেত্রে পাঁচশত টাকা এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে একশত টাকা হিসাবে অতিরিক্ত ফিস দরখাস্তের সাথে কমিশন বরাবরে জমা করিতে হইবে:

[তবে শর্ত থাকে যে, অনুমোদিত প্রতিনিধিদের মেট্রো উক্ত অতিরিক্ত ফিস এর পরিমাণ দশ হাজার টাকার বেশী হইবে না :]

আরও শর্ত থাকে যে, নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পরবর্তী এক বছরের মধ্যে কোন অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নথায়ন না করিলে তাহার নিবন্ধন সনদ বাতিল বলিয়া গণ্য হইবে। এইরাপ মেট্রো সংশ্লিষ্ট ব্যক্তি দশ হাজার টাকা নিবন্ধন ফিস প্রদান ও পূর্বের সনদ জমা সহ বিধি ৫ এর অন্যান্য বিধানাবলী পরিপালন সাপেক্ষে পুনরায় নিবন্ধন সনদ লাভের জন্য আবেদন করিতে পারিবেন।]